



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৫২৫

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭  
১৫ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**


নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৫২৫।- নির্বাচন কমিশন সচিবালয় হতে স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৯৪ মূলে ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৯ মার্চ ২০২০ তারিখে নির্ধারিত সাধারণ নির্বাচন স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-১৭৩ প্রজ্ঞাপনমূলে ২১ মার্চ ২০২০ তারিখে মাননীয় নির্বাচন কমিশন স্থগিত ঘোষণা করেন।

০২। উল্লিখিত সিটি কর্পোরেশনের মেয়র ও ০১-০৫, ০৭-১৪ নং সংরক্ষিত আসনে এবং ০১-২৯, ৩১-৩৬, ৩৮-৩৯, ৪১ নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে ২৭ জানুয়ারি ২০২১ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লিখিত সিটি কর্পোরেশনের ০৬নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৩০, ৩৭, ৪০ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে মৃত্যুজনিত কারণে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী একই তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্যও মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩০ ডিসেম্বর ২০২০ ১৫ পৌষ ১৪২৭	( বুধবার )
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	৩১ ডিসেম্বর ২০২০ ১৬ পৌষ ১৪২৭	( বৃহস্পতিবার )
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৭ জানুয়ারি ২০২১ ২৩ পৌষ ১৪২৭	( বৃহস্পতিবার )
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৭ জানুয়ারি ২০২১ ১৩ মাঘ ১৪২৭	( বুধবার )

০৩। সংরক্ষিত আসন-০৬ ও সাধারণ আসন- ৩০, ৩৭, ৪০ এর কাউন্সিলর পদে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাদের নতুন করে আর মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না। তবে মেয়র পদে এবং সংরক্ষিত আসন-০৬ ও সাধারণ আসন- ৩০, ৩৭, ৪০ ব্যতীত অন্যান্য সংরক্ষিত আসনের ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকবে না। সকল পদে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

  
(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)

তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতে এবং গেজেট বিজ্ঞপ্তির ৫০ (পঞ্চাশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করতে অনুরোধ করা যাচ্ছে।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব/ভারপ্রাপ্ত সচিব ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ ও আপিল কর্তৃপক্ষ [স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৯৬ তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন।]
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১২. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা .....(সংশ্লিষ্ট) অঞ্চল
২০. পুলিশ সুপার, চট্টগ্রাম
২১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল।]
২২. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. ....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. উপজেলা নির্বাহী অফিসার, .....(সংশ্লিষ্ট)
২৫. জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা.....(সংশ্লিষ্ট) থানা।

  
(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা  
ফোন: ০২-৫৫০০৭৬১০